



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০



ই-মেইল : dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১২৪৪

তারিখঃ ১৯.০৩.২০২০ ইং

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : জাতীয় সংসদের ১৮৩ ঢাকা-১০, ও ৯৮ বাগেরহাট-৪ নির্বাচনি এলাকার শূন্য আসনে নির্বাচন উপলক্ষে
২১ মার্চ, ২০২০ তারিখ শনিবার সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন হতে ৫ টৈজ, ১৪২৬ বঙ্গাব্দ/১৯ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-০৫/২০২০ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ অনুসরণ/পরিপালনের জন্য সংযুক্ত করা হলো।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬/০৩/২০২০ তারিখের প্রজ্ঞাপন নং- ০৫.০০.০০০০.১৭৩. ০৮.০০২.১২-৬৫ এর প্রেক্ষিতে জাতীয় সংসদের ১৮৩ ঢাকা-১০ ও ৯৮ বাগেরহাট-৪ নির্বাচনি এলাকার শূন্য আসনে নির্বাচন উপলক্ষে ২১ মার্চ, ২০২০ তারিখ শনিবার কর্মকর্তা/ কর্মচারীদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় অবস্থিত বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রধান কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সহ সকল শাখা বন্ধ থাকবে।

০৩। উল্লেখ্য, ২১ মার্চ, ২০২০ তারিখে জাতীয় সংসদের ১৮৩ ঢাকা-১০ ও ৯৮ বাগেরহাট-৪ নির্বাচনি এলাকার শূন্য আসনে নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় অবস্থিত বাংলাদেশ কৃষি ব্যাংকের মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় সহ সকল শাখা বন্ধ থাকবে বিধায় বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন ও অনুসরণের জন্য অত্র ব্যাংকের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : ০১(এক) পাতা।

আপনার বিশ্বস্ত,


২১/০৩/২০২০
(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১২৪৪

তারিখঃ ১৯.০৩.২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।


(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নম্বর- ০৫/২০২০

তারিখ: ০৫ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ
১৯ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

জাতীয় সংসদের ১৮৩ ঢাকা-১০, ৩১ গাইবান্ধা-৩ ও ৯৮ বাগেরহাট-৪ নির্বাচনি এলাকার শূন্য আসনে নির্বাচন উপলক্ষ্যে ২১ মার্চ, ২০২০ তারিখ শনিবার সম্বন্ধিত নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬/০৩/২০২০ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-৬৫ মোতাবেক-

(ক) জাতীয় সংসদের ১৮৩ ঢাকা-১০ নির্বাচনি এলাকার শূন্য আসনে নির্বাচন উপলক্ষ্যে ভোটের দিন ২১ মার্চ, ২০২০ তারিখ শনিবার নির্বাচনি এলাকা এবং মহানগরীর অন্যান্য এলাকাধীন তফসিলি ব্যাংকে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দেয়ার জন্য অনুরোধ করা হলো।

(খ) জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩ ও ৯৮ বাগেরহাট-৪ নির্বাচনি এলাকার শূন্য আসনে নির্বাচন উপলক্ষ্যে ২১ মার্চ, ২০২০ তারিখ শনিবার কর্মকর্তা/কর্মচারীদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে সম্বন্ধিত নির্বাচনি এলাকায় অবস্থিত তফসিলি ব্যাংকসমূহের সকল শাখা বন্ধ থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(প্রবীর পিটার কস্তা)

উপমহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০৬২২